

ট্রেড ইউনিয়ন কার্যক্রম

'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬' ও 'বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫' অনুযায়ী দেশের শ্রম সেক্টরে সুষ্ঠু ট্রেড ইউনিয়নের কর্মকান্ড পরিচালনা ও নিয়ন্ত্রণের মাধ্যমে শ্রমিক মালিক উভয়ের স্বার্থ সমুন্নত রাখার জন্য শ্রম অধিদপ্তর নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। ২০১৯-২০২০ অর্থবছরের সর্বমোট ৪০০ (চারশত) টি ট্রেড ইউনিয়ন জিস্ট্রেশন করা হয়েছে।

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন	
২০১৯-২০ অর্থ বছরে সর্বমোট (সংখ্যা)	একনজরে
৪০০	ট্রেড ইউনিয়নের সংখ্যা ৮২২৩টি (জুন ২০২০ পর্যন্ত) জাতীয় ভিত্তিক ফেডারেশন ৩৩টি শিল্প ভিত্তিক ফেডারেশন ৮৪টি সড়ক পরিবহণ ফেডারেশন (যান্ত্রিক) ১০টি সড়ক পরিবহণ ফেডারেশন (রিকসা) ০৫টি

সি.রি.এ. কার্যক্রম

- 'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬' এর ২০২ (২) ধারার বিধান অনুযায়ী কোন শিল্প প্রতিষ্ঠানে একাধিক ট্রেড ইউনিয়ন থাকলে শ্রম অধিদপ্তর গোপন ব্যালটে নির্বাচন পরিচালনার মাধ্যমে তাদের মাধ্য থেকে সি.বি.এ (কালেকটিভ বার্গেনিং এজেন্ট) নির্ধারণ করে থাকে।
- ২০১৯-২০২০ অর্থবছরে শ্রম অধিদপ্তর গোপন ব্যালটে নির্বাচন পরিচালনার মাধ্যমে সর্বমোট ৪ (চার) টি প্রতিষ্ঠানে সি.বি.এ. (কালেকটিভ বার্গেনিং এজেন্ট) নির্ধারণ করে থাকে।

অংশগ্রহণকারী কমিটি

শ্রম অধিদপ্তর শিল্প সেক্টরে শান্তি ও সহযোগীতাপূর্ণ পরিবেশ সৃষ্টির মাধ্যমে শ্রম আইন অনুযায়ী শিল্প প্রতিষ্ঠানে অংশগ্রহণকারী কমিটি গঠন ও তত্ত্বাবধার সংক্রান্ত কাজ করে থাকে। অত্র দপ্তর সারাদেশের শিল্প সেক্টরে এখন পর্যন্ত ২১২৭ টি (জুন-২০২০ পর্যন্ত) অংশগ্রহণ কমিটি গঠন করেছে।

২০১৮-১৯ অর্থ বছরে সর্বমোট (সংখ্যা)	২০১৯-২০ অর্থ বছরে সর্বমোট (সংখ্যা)
৫০৬	৪৩৬